



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
ডাকবাংল নং-৩২৫
ঢাকা, বাংলাদেশ।

যৌতুক দেয়া-নেয়া শাস্তিযোগ্য অপরাধ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৮

তারিখ : ০৮-০৬-১৪১৫ বাং
২৩-০৯-২০০৮ খ্রিঃ

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী।

বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের সেপ্টেম্বর/২০০৮ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর সেপ্টেম্বর/২০০৮ মাসের পেনশনের অর্থ ২৪ সেপ্টেম্বর/২০০৮ তারিখে প্রদান প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপরোক্ত বিষয়ে অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগ, ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ, ট্রেজারী ব্যবস্থাপনা শাখা-৪ এর ০৭-০৯-২০০৮ তারিখের অম/অবি/ট্রেস্বব্যঅ/ট্রেব্যশা-৪/টিআর-৩/৮৮-০৮/৭০/২ নম্বর পত্রটি সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নিম্নে হুবহু পুনর্মুদ্রিত হলো।

আপনার বিশ্বস্ত,

(দেবপ্রসাদ দেবনাথ)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫০৪৩৭

(কপি)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
ট্রেজারী ও ঋণ ব্যবস্থাপনা অনুবিভাগ
ট্রেজারী ব্যবস্থাপনা শাখা-৪

নং-অম/অবি/ট্রেস্বব্যঅ/ট্রেব্যশা-৪/টিআর-৩/৮৮-০৮/৭০/২

তারিখ : ০৭-০৯-২০০৮ খ্রিঃ

প্রেরক : নাসরিন সুলতানা
সিনিয়র সহকারী সচিব

প্রাপক : (১) হিসাব মহা-নিয়ন্ত্রক,
বাংলাদেশ, সেগুনবাগিচা, ঢাকা।
(২) কন্ট্রোলার জেনারেল অব ডিফেন্স ফাইন্যান্স,
১ম ১২ তলা সরকারি অফিস ভবন (৪র্থ তলা),
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয় : পবিত্র ঈদ-উল-ফিতর উপলক্ষ্যে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের সেপ্টেম্বর/২০০৮ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর সেপ্টেম্বর/২০০৮ মাসের পেনশনের অর্থ ২৪ সেপ্টেম্বর/২০০৮ তারিখে প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানাচ্ছি যে, সরকারি বর্ষপঞ্জি-২০০৮ অনুযায়ী ২ অক্টোবর/২০০৮ তারিখে (চাঁদ দেখা সাপেক্ষে) পবিত্র ঈদ-উল ফিতর উদযাপিত হবে বিধায় সরকার এ মর্মে সিদ্ধান্ত গ্রহণ করেছে যে, সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের সকল নন-গেজেটেড কর্মচারীগণের ও সামরিক বাহিনীর নন-কমিশন্ড অফিসার/কর্মচারীগণের সেপ্টেম্বর/২০০৮ মাসের বেতন-ভাতাদি এবং দেশের সকল অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারীর সেপ্টেম্বর/২০০৮ মাসের পেনশনের অর্থ ২৪ সেপ্টেম্বর/২০০৮ তারিখে প্রদান করা হবে।

০২। বাংলাদেশ ট্রেজারী রুলস ১ম খন্ডের এসআর ১১৩(২) অনুযায়ী প্রদত্ত ক্ষমতাবলে এই আদেশ জারী করা হলো।

স্বাক্ষরিত/= ০৭/০৯/২০০৮ খ্রিঃ
(নাসরিন সুলতানা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৬১৬১৭